# AKASHVANI KOLKATA
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 29-08-2026** **Time: 1.40 P.M.**

আইনশৃঙ্খলা সহ বিভিন্ন সরকারি প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা করতে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ বীরভূমে পৌঁছেছেন। রামপুরহাটের রক্তকরবী প্রেক্ষাগৃহে তার প্রশাসনিক বৈঠককে ঘিরে জেলার নিরাপত্তা বৃদ্ধি করা হয়েছে।

ইতিমধ্যেই, রক্ত করবী মঞ্চে পৌঁছে গেছেন সাংসদ শতাব্দী রায়, অসিত মাল, তৃণমূল কংগ্রেস বিধায়ক কাজল শেখ, বিধান মাজি প্রমুখ।

এরপর, পন্ডিত দীনদয়াল উপাধ্যায় মহা প্রশিক্ষণ অভিযানে অংশ নিতে সন্ধ্যায় দিঘায় যাবেন মুখ্যমন্ত্রী। পূর্ব মেদিনীপুর জেলার বিজেপির কাঁথি সাংগঠনিক জেলার উদ্যোগে নিউ দীঘায় আজ থেকে শুরু হওয়া দু'দিনের শিবিরে উপস্থিত থাকবেন তিনি।

আজই মুখ্যমন্ত্রীর কলকাতায় ফেরার কথা।

oooooooooooooooooooooo

নেপালে বিধ্বংসী হড়পা বানে নিখোঁজ পশ্চিমবঙ্গের বাসিন্দাদের সন্ধানে প্রতিনিধি দল পাঠাতে রাজ্য সরকার, বিদেশ মন্ত্রকের কাছে অনুমতি চেয়েছে। অনুমতি মিললেই একজন মন্ত্রী, একজন বিধায়ক, আইজি পদমর্যাদার এক পুলিশ আধিকারিক এবং এক সিনিয়র আইএএস আধিকারিককে নিয়ে একটি প্রতিনিধি দল কাঠমাণ্ডু পাঠানো হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

**উল্লেখ্য, গত সন্ধ্যায় ভবানী ভবনে নিখোঁজদের পরিবারের সদস্যদের সঙ্গে ভার্চুয়াল বৈঠকের পর মুখ্যমন্ত্রী জানান, পশ্চিমবঙ্গ থেকে সরকারি ভাবে নিখোঁজ ৩৯ জনের মধ্যে একটি পরিবারের দু'জনের সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়েছে। তাঁরা সুস্থ রয়েছেন। তবে বাকি ৩৭ জনের এখনও কোনও খোঁজ মেলেনি।**

oooooooooooooooooooooo

কলকাতার আমেরিকান সেন্টারে হামলার ঘটনায় কারাবন্দী আফতাব আহমেদ আনসারির সেলে তল্লাশি চালিয়ে তিনটি মোবাইল ফোন, ২ টি রাউটার, ওয়াইফাইয়ের যন্ত্র, ২ টি কার্ড রিডার, ১ টি পেন ড্রাইভ, ইয়ারফোন এবং নগদ ৩১ হাজার টাকা উদ্ধার হয়েছে। হেস্টিংস থানায় অভিযোগ দায়ের করেছে প্রেসিডেন্সি জেল কর্তৃপক্ষ। তার ভিত্তিতে তদন্ত শুরু হয়েছে।

জেলের ভিতর থেকে মোবাইলে আফতাব বিভিন্ন জনের সঙ্গে যোগাযোগ করছে বলে জানতে পারে গোয়েন্দা পুলিশ। সেই তথ্য হাতে পাওয়ার পর তার সেলে তল্লাশি চালানো হয়।

ooooooooooooooooooooooo

মালদা মেডিক্যাল কলেজ হাসপাতালে গত দুমাসে অস্বাভাবিক হারে শিশুমৃত্যুর ঘটনার তদন্তে ৪ সদস্যের কমিটি গড়েছে রাজ্য স্বাস্থ্য দফতর। কমিটির সদস্যরা আজ হাসপাতাল পরিদর্শনে যান। কর্তৃপক্ষের সঙ্গে বৈঠক করেন তাঁরা।

উল্লেখ্য, গত জুলাই মাসে মালদা মেডিক্যাল কলেজ হাসপাতালে ৭৯জন শিশুর মৃত্যু হয় এবং চলতি আগস্ট মাসে ৮৮জন শিশুমৃত্যুর ঘটনা ঘটে বলে খবর। যদিও মালদা মেডিক্যাল কলেজ হাসপাতাল কর্তৃপক্ষের দাবী, গত দুমাসে হাসপাতালে যে শিশুদের মৃত্যু হয়েছে তাদের অন্য হাসপাতাল থেকে, আশঙ্কাজনক অবস্থায়, সেখানে আনা হয়েছিল।

ooooooooooooooooooooo

শিল্পাঞ্চল আসানসোলের খাদ্য সুরক্ষা ব্যবস্থার মান বজায় রাখতে এবং সাধারণ মানুষের স্বাস্থ্য সুনিশ্চিত করতে শহরের একাধিক ছোট-বড় রেস্তোরাঁ ও মিষ্টির দোকানে আচমকা অভিযান চালালো রাজ্য সরকারের খাদ্য সুরক্ষা দফতর। পুরসভা ও পুলিশের যৌথ উদ্যোগে, গতকাল শহরের ভগৎ সিং মোড় থেকে জুবলি মোড় এই পর্যন্ত অভিযান চলে।

বিধি বহির্ভূত কাজে লিপ্ত রেস্তোরাঁ মালিকদের কড়া হুঁশিয়ারি দিয়ে বলা হয়, খাবারের গুণমান বজায় না রাখলে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। জনস্বার্থে এই ধরনের অভিযান আগামী দিনেও চলবে বলে দপ্তরের পক্ষে জানানো হয়েছে।

oooooooooooooooooooooo

ভারতীয় রেলের দুর্যোগ মোকাবিলার প্রস্তুতি আরও শক্তিশালী করা এবং জরুরি পরিস্থিতিতে দ্রুত ও কার্যকরভাবে সাড়া দেওয়ার সক্ষমতা বৃদ্ধির ধারাবাহিক প্রচেষ্টার অংশ হিসেবে, পূর্ব রেলের শিয়ালদহ ডিভিশনের উদ্যোগে গতকাল কাঁকিনাড়া স্টেশনে একটি পূর্ণাঙ্গ মক ড্রিল অনুষ্ঠিত হয়। রেলের উদ্ধারকারী দলগুলি NDRF, রাজ্য সরকার এবং অন্যান্য স্বেচ্ছাসেবী সংগঠনের সঙ্গে সমন্বয় রেখে কতটা দ্রুত ও কার্যকরভাবে উদ্ধার ও ত্রাণকার্য পরিচালনা করতে পারে, তা যাচাই করাই ছিল এই মহড়ার মূল উদ্দেশ্য।

উদ্ধারকারী দলগুলি আধুনিক উদ্ধার সরঞ্জামের সাহায্যে ক্ষতিগ্রস্ত কোচের কাঠামো কেটে যাত্রীদের কাছে পৌঁছনোর পথ তৈরি এবং তাঁদের নিরাপদে বাইরে বের করে আনার পদ্ধতি প্রদর্শন করে। এই কাজে হাই-ক্যাপাসিটি কাটার, সেপারেটর, প্লাজমা কাটিং টুলস-সহ বিভিন্ন অত্যাধুনিক উদ্ধার সরঞ্জাম ব্যবহার করা হয়।

এই মহড়ায় প্রায় ৩৫ জন NDRF কর্মী, ডিভিশনাল ডিজাস্টার রেসকিউ টিম, ২৩ জন সিভিল ডিফেন্স কর্মী এবং ০৮ জন ফায়ার ব্রিগেড কর্মী উদ্ধার অভিযানে অংশ নেন। এছাড়াও ৭ জন চিকিৎসক, ৩৬ জন প্যারামেডিক্যাল কর্মী, সেন্ট জন অ্যাম্বুলেন্স

অ্যাসোসিয়েশনের ২৯ জন সদস্য, ৩১ জন স্কাউটস অ্যান্ড গাইডস এবং ৭৫ জন RPF কর্মী সক্রিয়ভাবে এই মহড়ায় অংশগ্রহণ করেন। শিয়ালদার DRM রাজীব সাক্সেনার নেতৃত্বে এই মক ড্রিল পরিচালিত হয়। Sr. DSO শ্রী সুজিত কুমার সিনহা-সহ অন্যান্য সংশ্লিষ্ট ডিভিশনাল আধিকারিকরা মহড়ায় সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন এবং সমগ্র কার্যক্রম পর্যবেক্ষণ করেন।

এব্যাপারে শিয়ালদহের DRM রাজীব সাক্সেনা বলেন, এই ধরনের পূর্ণাঙ্গ মক ড্রিল রেলের নিরাপত্তা ও দুর্যোগ মোকাবিলার প্রস্তুতির একটি গুরুত্বপূর্ণ অংশ।

oooooooooooooooooooooooo

জনগণনার সময়সীমার প্রায় অর্ধেক পার হয়ে গেলেও মুর্শিদাবাদের ২৪৩ টি হাউস হোল্ড ব্লকে গণনার কাজই শুরু করতে পারেননি এনিউমিরেটররা। জেলার ৩৪ টি ব্লকের মধ্যে ২৮ টি ব্লক ও পুরসভা এর মধ্যে রয়েছে। কাজের গতি সবথেকে কম বহরমপুর পুরসভায়। তুলনামূলক ভাবে কাজ দ্রুত এগোচ্ছে রঘুনাথগঞ্জ ২ নম্বর ব্লকে।

গতকাল দুপুর পর্যন্ত এই হিসেব সামনে এনেছে জেলা জনগণনা বিভাগ।

oooooooooooooooooooooooo

শতবর্ষে পা দিয়েছে আকাশবাণী কলকাতা। এই ১০০ বছরে নানান বিবর্তন ঘটেছে আকাশবাণীর সংবাদেরও। কেমন ছিল শুরুর দিনগুলি, কেমন ছিল পরিবর্তিত হতে থাকা সংবাদের রূপ- এইসব নিয়েই নিজেদের অভিজ্ঞতা বিনিময় করেছেন আকাশবাণী কলকাতার সংবাদের বিভিন্ন বিভাগের পুরোধায় থাকা তিন প্রাক্তন বরিষ্ঠ আধিকারিক-শঙ্কর দাশগুপ্ত, শান্তনু পালোধি এবং সুনীত চক্রবর্তী। অনুষ্ঠানটির সঞ্চালনায় সন্দীপন দাশগুপ্ত।

সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি প্রচারিত হচ্ছে দুটি ভাগে। দ্বিতীয় তথা শেষ পর্বের সম্প্রচার শোনা যাবে আজ রাত ৮টায়, গীতাঞ্জলি প্রচারতরঙ্গ ও DTH বাংলা

পরিষেবায়। আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগের সোশ্যাল মিডিয়াতেও অনুষ্ঠানটি শোনা যাবে।

oooooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের **১৩৭-তম** পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল **১১** টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

oooooooooooooooooooooooo

হকির জাদুকর মেজর ধ্যানচাঁদ এর **১২১** তম জন্মবার্ষিকী আজ জাতীয় ক্রীড়া দিবস হিসাবে পালিত হচ্ছে। এবারের ক্রীড়া দিবসের মূল ভাবনা 'খেলবে ভারত, জিতবে ভারত'। রাজ্য সরকারের উদ্যোগে নবান্ন সভাঘরে জাতীয় ক্রীড়া দিবসের অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জাতীয় ক্রীড়া ও প্যারা অলিম্পিক্স এ পদক জয়ীদের এবং বিশিষ্ট ক্রীড়াবিদের সম্মানিত করবেন।

oooooooooooooooooooooooo

SSB-র শিলিগুড়ির ফ্রন্টিয়ার হেডকোয়ার্টার্সে আজ পালিত হল জাতীয় ক্রীড়া দিবস। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন SSB শিলিগুড়ির ফ্রন্টিয়ার ইন্সপেক্টর জেনারেল বন্দন সাক্সেনা। উপস্থিত ছিলেন ডেপুটি ইন্সপেক্টর জেনারেল শ্রী এ কে সি সিং।

২৮ থেকে ৩০ আগস্ট পর্যন্ত দেশব্যাপী আয়োজিত তিন দিনের বিশেষ প্রচারাভিযানের অংশ হিসেবে 'খেলেগা ভারত, জিতেগা ভারত' থিমে একাধিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন হয়েছে।

oooooooooooooooooooooo

অনূর্ধ্ব ১৬ জাতীয় জুনিয়র ফুটবল প্রতিযোগিতা বাংলা, অনূর্ধ্ব ১৬ জাতীয় জুনিয়র ফুটবল প্রতিযোগিতা ডঃ বি সি রায় ট্রফির সেমিফাইনালে উঠেছে। বেঙ্গালুরু ফুটবল স্টেডিয়ামে গ্রুপ লিগের শেষ ম্যাচে আজ সকালে বাংলা ১-০ গোলে কর্ণাটক-কে হারিয়ে দেয়। খেলার ৬৭ মিনিটে একমাত্র গোলটি করে সুরজ গাজী। এই জয়ের ফলে বাংলা অপরাজিত থেকে গ্রুপ চ্যাম্পিয়ন হয়ে সেমিফাইনালে পৌঁছেছে।

ooooooooooooooooooooooo

বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের আজ ৫০ তম মৃত্যুবার্ষিকীতে দুই বাংলায় একাধিক অনুষ্ঠানে তাঁকে স্মরণ করা হচ্ছে। পশ্চিমবঙ্গ নজরুল ইসলাম অ্যাকাডেমি ও রাজ্য তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে সন্ধ্যায় রবীন্দ্রসদনে কবিস্মরণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের প্রতিমন্ত্রী পূর্ণিমা চক্রবর্তী সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ।

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo